



নরসিংদীতে বিচার চাওয়ার ‘অপরাধে’ কিশোরী অপহরণ ও হত্যা, আটক ৫



প্রতীক ছবি

নরসিংদীর মাধবদীতে ধর্ষণের ঘটনার বিচার দাবি করার জেরে এক কিশোরীকে অপহরণ করে হত্যা করা হয়েছে এমন অভিযোগ উঠেছে। ঘটনায় পাঁচজনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

বৃহস্পতিবার রাতে নিহতের মা বাদী হয়ে মাধবদী থানায় মামলা করেন। পরদিন সকাল পর্যন্ত জেলার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে পাঁচজনকে আটক করা হয়। তবে মূল অভিযুক্ত নূরা এখনও পলাতক।

আটকদের মধ্যে রয়েছেন মহিষাসুর ইউনিয়ন বিএনপির সহসভাপতি আহম্মদ আলী দেওয়ান, তার ছেলে ইমরান দেওয়ান, নূরার চাচাতো ভাই মোহাম্মদ আইয়ুব, এবায়দুল্লাহ ও হোসেন বাজার এলাকার গাফফার। বিষয়টি নিশ্চিত করে নরসিংদীর পুলিশ সুপার আবদুল্লাহ আল ফারুক জানান, বাকি আসামিদের ধরতে জেলায় ও জেলার বাইরে অভিযান অব্যাহত রয়েছে। স্থানীয়দের ভাষ্য, প্রায় ১৫ দিন আগে নূরার নেতৃত্বে কয়েকজন কিশোরী আমেনাকে সংঘবদ্ধভাবে ধর্ষণ করে। অভিযোগ রয়েছে, ওই ঘটনার বিচার করার দায়িত্ব নিয়ে পরে তা ধামাচাপা দেওয়া হয় এবং ভুক্তভোগীর পরিবারকে এলাকা ছাড়ার চাপ দেওয়া হয়।

পরিবারের দাবি, বিচার না পেয়ে তারা প্রতিবাদ চালিয়ে গেলে অভিযুক্তরা আরও বেপরোয়া হয়ে ওঠে। ঘটনার দুই সপ্তাহ পর কিশোরীকে তার বাবার সামনে থেকে তুলে নেওয়া হয়। পরে তাকে আবার ধর্ষণের পর হত্যা করে মহিষাসুরা ইউনিয়নের কোতালিরচর দড়িকান্দী এলাকার একটি সরিষা ক্ষেতে মরদেহ ফেলে রাখা হয়।